জনাব সোলেমান খান
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

জনাব সোলেমান খান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব হিসেবে গত ২ জানুয়ারী ২০২৩ তারিখ যোগদান করেছেন। বর্তমান পদে যোগদানের পূর্বে জনাব সোলেমান খান ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) হিসেবে কর্মরত ছিল। তিনি ২০২১ সালের ২৮ অক্টোবর সরকারের সচিব হিসেবে পদোন্নতি পান। জনাব খান ১৯৯৩ সালে বিসিএস প্রশাসন ক্যাডারে (১১তম বিসিএস) সহকারী কমিশনার হিসেবে সিলেট বিভাগে প্রথম যোগদান করেন। এরপর সহকারী কমিশনার (ভূমি) হিসেবে সিলেটের কোম্পানীগঞ্জ ও মৌলভীবাজারের, কুলাউড়া উপজেলায় দায়িত্ব পালন করেন। ২০০০-২০০১ সালে সিনিয়র সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর ও নোয়াখালী জেলায় কর্মরত ছিলেন। পরবর্তীতে ২০০৫ সালে মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় সুনামের সহিত দীর্ঘ ৩ বছর উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব খান সিনিয়র সহকারী সচিব হিসেবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, অর্থ বিভাগ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। তিনি ২০১০ সালে উপসচিব পদে পদোন্নতি প্রাপ্ত হন। উপসচিব হিসেবে তিনি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগের অধীন 'স্বাস্থ্য অর্থনীতি ইউনিট'পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব খান ২০১৬ সালে যুগ্মসচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। তিনি যুগ্মসচিব হিসেবে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যান বিভাগে কাজ করেন। অত:পর তিনি ২০১৯ সালে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও বাণিজ্য মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। অতিরিক্ত সচিব হিসাবে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন প্রধান আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রক হিসাবে সফলতার সাথে কাজ করেছেন।

জনাব সোলেমান খান টাঙ্গাইল জেলার মৈশামুড়া বি কে উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮২ সনে এস.এস.সি ও ১৯৮৪ সালে ঢাকা কলেজ হতে কৃতিত্বের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান

বিভাগ থেকে ১৯৮৭ সালে বিকম (সম্মান) এবং ১৯৮৮ সালে এম কম পাশ করেন। পরবর্তীতে তিনি ইয়ামাগুচি ইউনিভার্সিটি, জাপান থেকে অর্থনীতিতে আরও একটি মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

বর্ণাঢ্য জীবনের অধিকারী এ কর্মকর্তা দেশে-বিদেশে বহু প্রশিক্ষণ গ্রহণ করেন। বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ও শিক্ষা সফরে বাংলাদেশ সরকারের প্রতিনিধে হিসেবে তিনি ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, তুর্কি ও মিশর, ফিনল্যান্ডসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। এছাড়াও তিনি অনেকগুলো সামাজিক, শিক্ষা, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক কর্মকান্ডের সাথে ওতপ্রোতভাবে জড়িত আছেন।

জনাব সোলেমান খান টাঙ্গাইল জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি পারিবারিক জীবনে তিন পুত্র সন্তানের গর্বিত জনক।